টিকা-সম্বন্ধীয় তথ্য বিবৃতি

# *হিমোফিলাস ইনফ্লুয়েঞ্জা* টাইপ b (Hib) টিকা: *আপনাকে যা জানতে হবে*

Many Vaccine Information Statements are available in Bengali and other languages. See www.immunize.org/vis

অনেক টিকা-সম্বন্ধীয় তথ্য বিবৃতি বাংলা এবং অন্যান্য ভাষায় উপলভ্য রয়েছে। www.immunize.org/vis-এ দেখুন

## 1. কেন টিকা নিতে হবে?

**Hib টিকা *হিমোফিলাস ইনফ্লুয়েঞ্জা* টাইপ b (Hib) রোগ** প্রতিরোধ করতে পারে।

*হিমোফিলাস ইনফ্লুয়েঞ্জা* টাইপ b বিভিন্ন ধরণের সংক্রমণের কারণ হতে পারে। এই সংক্রমণগুলি সাধারণত 5 বছরের কম বয়সী শিশুদেরকে প্রভাবিত করে তবে কিছু নির্দিষ্ট চিকিৎসাগত অবস্থা থাকা প্রাপ্তবয়স্কদেরও প্রভাবিত করতে পারে। Hib ব্যাকটেরিয়া হালকা অসুস্থতার কারণ হতে পারে, যেমন কানের সংক্রমণ বা ব্রঙ্কাইটিস, বা তারা রক্তের সংক্রমণের মতো গুরুতর অসুস্থতার কারণ হতে পারে। গুরুতর Hib সংক্রমণ, যাকে "আক্রমণাত্মক Hib রোগ"ও বলা হয়, তার জন্য হাসপাতালে চিকিৎসার প্রয়োজন হয় এবং কখনও কখনও মৃত্যুও হতে পারে।

Hib টিকার আগে, মার্কিন যুক্তরাষ্ট্রে 5 বছরের কম বয়সী শিশুদের মধ্যে ব্যাকটেরিয়াজনিত মেনিনজাইটিসের প্রধান কারণ ছিল Hib রোগ। মেনিনজাইটিস হল মস্তিষ্ক এবং মেরুদণ্ডের আস্তরণের একটি সংক্রমণ। এটি মস্তিষ্কের ক্ষতি এবং বধিরতার কারণ হতে পারে।

Hib সংক্রমণের কারণে আরো যা হতে পারে:
- নিউমোনিয়া
- গলায় সাংঘাতিক ফোলাভাব, যা শ্বাস নেওয়া কষ্টকর করে তোলে
- রক্ত, জয়েন্ট, হাড় এবং হার্টের আবরণের সংক্রমণ
- মৃত্যু

## 2. Hib টিকা

Hib টিকা সাধারণত 3 বা 4টি ডোজে (ব্র্যান্ডের উপর নির্ভর করে) দেওয়া হয়।

**ছোট শিশুদের** তাদের Hib টিকার প্রথম ডোজ 2 মাস বয়সে পাওয়া উচিত এবং সাধারণত 12–15 মাস বয়সে সিরিজটি সম্পূর্ণ হয়ে যাওয়া উচিৎ।

**12 মাস থেকে 5 বছরের মধ্যে বয়সী শিশুরা** যারা আগে Hib-এর বিরুদ্ধে সম্পূর্ণভাবে টিকা পায়নি তাদের 1 বা তার বেশি ডোজ Hib টিকার প্রয়োজন হতে পারে।

**5 বছরের বেশি বয়সী শিশু এবং প্রাপ্তবয়স্করা** সাধারণত Hib টিকা পান না, তবে এটি সেইসকল বড় শিশু বা প্রাপ্তবয়স্কর জন্য সুপারিশ করা যেতে পারে যাদের প্লীহা ক্ষতিগ্রস্ত হয়েছে বা অপসারণ করা হয়েছে, যার মধ্যে সিকেল সেল রোগে আক্রান্ত ব্যক্তি অন্তর্ভুক্ত রয়েছে, প্লীহা অপসারণের জন্য অস্ত্রোপচারের আগে, বা অস্থিমজ্জা প্রতিস্থাপনের পরে। 5 থেকে 18 বছর বয়সী HIV আক্রান্ত ব্যক্তিদের জন্যও Hib টিকা সুপারিশ করা হতে পারে।

Hib টিকা একটি স্বতন্ত্র টিকা হিসাবে বা একটি সংমিশ্রণ টিকার (এক ধরনের টিকা যা এক শটে একাধিক টিকাকে একত্রিত করে) অংশ হিসাবে দেওয়া যেতে পারে।

Hib টিকা অন্যান্য টিকার সাথে একই সময়ে দেওয়া যেতে পারে।

## 3. আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে কথা বলুন

আপনার টিকাকরণ প্রদানকারীকে বলুন যদি টিকা গ্রহণকারী ব্যক্তি/ব্যক্তির:
- **Hib টিকার পূর্ববর্তী ডোজের পরে কোনো অ্যালার্জির প্রতিক্রিয়া** হয়ে থাকে, বা তার কোনো **গুরুতর, প্রাণ-সংশয়কারী অ্যালার্জি থাকে**

কিছু ক্ষেত্রে, আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারী একটি ভবিষ্যত সাক্ষাৎ পর্যন্ত Hib টিকাকরণ স্থগিত করার সিদ্ধান্ত নিতে পারেন।

সর্দি-কাশির মতো ছোটখাটো অসুস্থতায় আক্রান্ত ব্যক্তিদের টিকা দেওয়া যেতে পারে। মাঝারি বা গুরুতর অসুস্থ ব্যক্তিদের সাধারণত Hib টিকা নেওয়ার আগে সুস্থ না হওয়া পর্যন্ত অপেক্ষা করা উচিত।

আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারী আপনাকে আরও তথ্য দিতে পারবেন।

U.S. Department of Health and Human Services
Centers for Disease Control and Prevention

